

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ৯৬২/২০২০

তারিখ: ২১ জুন ২০২০ খ্রিস্টাব্দ
০৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানি।

বিষয়: বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ঋণ ও অগ্রিমের সুদহার পুনঃনির্ধারণ।

প্রিয় মহোদয়,

ঋণ ও অগ্রিমের সুদহার বিষয়ে জারিকৃত প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ৮৩০/১৮ তারিখ ০৮ আগস্ট ২০১৮ এবং ৯৫৪/২০২০ তারিখ ১৩ মে ২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


২. পর্যদের ১৮ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত ৬১৮তম সভার অনুমোদনক্রমে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং ০৩ তারিখ ২৪ ফেব্রুয়ারি ২০২০ মোতাবেক ক্রেডিট কার্ড ব্যতীত সকল খাতের সুদহার সর্বোচ্চ ৯% নির্ধারণ করতঃ ঋণ ও অগ্রিমের সুদহার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হয়েছে:

ক্রম	ঋণ ও অগ্রিমের খাতসমূহ	পুনঃনির্ধারিত সুদহার (%)
১০	কনজুমারস ফাইন্যান্সিং:	
	ক. কনজুমারস ক্রেডিট	৯.০০
	খ. সাইবার ক্যাফে ঋণ	৯.০০
	গ. চাকুরিজীবীদের জন্য ঋণ	৯.০০
	ঘ. ডক্টরস লোন	৯.০০
	ঙ. অটো লোন	৯.০০
	চ. গৃহসংস্কার লোন	৯.০০
১১	অন্যান্য ঋণ:	
	ক. পরিবহন ঋণ	৯.০০
	খ. আবাসিক গৃহনির্মাণ ঋণ	৯.০০
	গ. বাণিজ্যিক গৃহনির্মাণ ঋণ	৯.০০
	ঘ. কার্যাদেশ (ওয়ার্ক অর্ডার) এর বিপরীতে ঋণ	৯.০০
	ঙ. ট্রাভেল এজেন্ট ঋণ	৯.০০
	চ. ডায়াগনস্টিক ব্যবসার জন্য ঋণ	৯.০০


৩. ঋণ ও অগ্রিমের সকল খাতে সুদহার বিষয়ক অনুসরণীয় শর্তাবলী:

- (ক) কোন ঋণ/বিনিয়োগ এর উপর উল্লিখিতভাবে সুদ/মুনাফা হার ধার্য করার পরও যদি সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহিতা খেলাপি হিসেবে চিহ্নিত হয় সেক্ষেত্রে যে সময়কালের জন্য খেলাপি হবে অর্থাৎ মেয়াদি ঋণ/বিনিয়োগ এর ক্ষেত্রে খেলাপি কিস্তি এবং চলতি মূলধন ঋণ/বিনিয়োগ এর ক্ষেত্রে মোট খেলাপি ঋণ/বিনিয়োগ এর উপর ২% হারে দন্ড সুদ/অতিরিক্ত মুনাফা আরোপ করতে হবে;
- (খ) প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণের বিদ্যমান সর্বোচ্চ সুদ/মুনাফা হার ৭% অপরিবর্তিত থাকবে;
- (গ) ক্রেডিট কার্ড ব্যতীত অন্যান্য সকল খাতে অশ্রেণীকৃত ঋণ/বিনিয়োগ এর উপর নির্ধারিত হারে সুদ/মুনাফা এবং প্রযোজ্য ক্ষেত্রে (ক) এ বর্ণিত দন্ডসুদ/অতিরিক্ত মুনাফা ব্যতিরেকে ঋণ/বিনিয়োগ এর উপর অন্য কোন সুদ /মুনাফা/দন্ডসুদ/অতিরিক্ত মুনাফা আরোপ করা যাবে না;
- (ঘ) চলতি বছর হতে ব্যাংকের মোট ঋণ/বিনিয়োগ স্থিতির মধ্যে এসএমই'র ম্যানুফ্যাকচারিং খাতসহ শিল্পখাতে প্রদত্ত সকল ঋণ/বিনিয়োগ স্থিতি অব্যবহিত পূর্ববর্তী ৩ বছরের গড় হারের চেয়ে কোনভাবেই কম হতে পারবে না।

পরিবর্তিত সুদহার ০১ এপ্রিল ২০২০ তারিখ থেকে কার্যকর হবে। অন্যান্য খাতের বিদ্যমান সুদহার এবং নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সম্ভাব্য অর্থনৈতিক বিরূপ প্রভাব মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত আর্থিক সহায়তা প্যাকেজসমূহের আলোকে জারিকৃত সুদহার ও নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।


মোঃ হাফিজুর রহমান মৌল্লা
উপমহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,


মোঃ ইসমাইল হোসেন
উপব্যবস্থাপনা পরিচালক